



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন  
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা  
ঢাকা-১০০০।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(২৭)/২০১৪-২০১৫/ ১২৯ (১২৫০)

তারিখঃ ২০-০৮-২০১৫ খ্রিঃ

- ০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক,
- ০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
- ০৩। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
- ০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ নমুনা স্বাক্ষর বইতে অন্তর্ভুক্ত না হওয়া কর্মকর্তাদের নমুনা স্বাক্ষর প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের পত্র নং-প্রকা/শানিব্যউবি-৫(১)/২০০৯-২০১০/২১৭৪(১২০০)এবং ৪৬০(১২০০) তারিখ যথাক্রমে ২৯-০৬-২০১০ ও ২৩-০৯-২০১২ এর মাধ্যমে বর্তমানে ব্যাংকে কর্মরত কর্মকর্তাদের জন্য তারিখ ও পি. এফ ইনডেড্র নম্বর সম্বলিত নমুনা স্বাক্ষর বই ডলিউম-১, ২, ৩ মুদ্রন করে ব্যাংকের সকল শাখাসহ সংশ্লিষ্ট কার্যালয়ে সরবরাহ করা হয়েছে। উক্ত নমুনা স্বাক্ষর বইতে অনেক কর্মকর্তার স্বাক্ষর মুদ্রিত হয়নি মর্মে মাঠ কার্যালয়সমূহ অত্র বিভাগকে অবহিত করেছে। এছাড়া নমুনা স্বাক্ষর বই ডলিউম-১, ২, ৩ মুদ্রিত হওয়ার পর বেশ কিছু সংখ্যক পরিদর্শক পদোন্নতি পেয়ে কর্মকর্তা হিসেবে যোগদান করেছেন। ব্যাংকের কাজের প্রয়োজনে তাদের স্বাক্ষর নমুনা স্বাক্ষর বইতে অন্তর্ভুক্ত হওয়া আবশ্যিক।

০৩। উল্লেখ্য যে অত্র বিভাগের ১৫.০৪.২০১৫ তারিখের - প্রকা/শানিব্যউবি-১(২৭)/২০১৪-২০১৫/ ১৮৫৫(১২৫০) নং পত্রের প্রেক্ষিতে বেশ কিছু নমুনা স্বাক্ষর পাওয়া গেছে যেগুলোতে কর্মকর্তার নাম শুধু মাত্র বাংলায় লেখা আছে। কিন্তু নমুনা স্বাক্ষর বইতে মুদ্রণের জন্য কর্মকর্তার নাম বাংলা এবং ইংরেজী দুইভাবেই লেখা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, যে সকল কর্মকর্তার স্বাক্ষর অদ্যাবধি নমুনা স্বাক্ষর বইতে মুদ্রিত হয়নি তাদের স্বাক্ষর মুদ্রনের নিমিত্ত শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ হতে জারীকৃত ডিএমডি-১(শানিব্যউবি) পরিপত্র নং-০২/২০১০ তারিখ ১৭-০৫-২০১০ এর নির্দেশনা মোতাবেক নমুনা স্বাক্ষর কার্ডের অপর পৃষ্ঠায় কর্মকর্তাদের নাম বাংলা এবং ইংরেজীতে, জন্ম তারিখ ও পি. এফ ইনডেড্র নম্বর উল্লেখপূর্বক ০৩টি স্বাক্ষরসহ বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে আগামী ১০.০৯.২০১৫ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনার বিশ্বস্ত,

(এ.আর.এম. আনিস উজ্জামান)  
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/শানিব্যউবি-১(২৭)/২০১৪-২০১৫/ ১২৯ (১২৫০)

তারিখঃ ২০-০৮-২০১৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/অধ্যক্ষ, স্টাফ কলেজ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি ডিপার্টমেন্ট- পত্রটি বিকেবি-র ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। নথি/মহানথি

(সুরাইয়া বেগম)  
সহকারী মহাব্যবস্থাপক